



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি অনুবিভাগ
বিধি-১ শাখা
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১১.০১২.১৯.২৩

তারিখ: ১০ মাঘ ১৪২৯

২৪ জানুয়ারি ২০২৩

বিষয়: ৩য় ও ৪র্থ শ্রেণির পদে নিয়োগের ক্ষেত্রে আনসার/ভিডিপি কোটা নির্ধারণে প্রশিক্ষণ সনদ গ্রহণ সংক্রান্ত।

সূত্র: (১) সুরক্ষা সেবা বিভাগের ০৯ জানুয়ারি, ২০২৩ তারিখের ৫৮.০০.০০০০.০৬৯.০২.০০২.২১.০৮ এবং
(২) খাদ্য মন্ত্রণালয়ের ১৪ নভেম্বর ২০২২ তারিখের স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০২২.১১.০০১.১৮.৪৫৫;

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি চাকরিতে ৩য় ও ৪র্থ শ্রেণির পদে নিয়োগের ক্ষেত্রে আনসার/ভিডিপি কোটা নির্ধারণের জন্য ২১ দিনের প্রশিক্ষণ সনদ যা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্বিক কর্মকান্ড সম্পর্কে সম্যক ধারণা দেয় সেটিকে মৌলিক প্রশিক্ষণ হিসেবে কোটা প্রাপ্তির জন্য বিবেচনা করতে হবে।

২। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

২৪-১-২০২৩

মো: ফরিদুর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৫৫৫২

সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইমেইল: reg1@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, ঝিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

তারিখ: ২৫/০৫/১৪২৪ বঙ্গাব্দ
০০/০৮/২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-সদস্যাদের জন্য সরকারি ও স্বায়ত্ব-শাসিত সংস্থাসমূহের নন গেজেটেড পদে নিয়োগের ক্ষেত্রে সংস্থাপন বিভাগ, মন্ত্রীপরিষদ সচিবালয়ের স্মারক নং- ইডি/রেগ-১/এম-১৪/৭৯-১০২(২০০) তারিখঃ ১৬/১১/১৯৮৯ খ্রিঃ, সংস্থাপন মন্ত্রণালয় স্মারক নং-সম-আর-১/এস-৩৫/৮৯-২১৪(১০০) তারিখঃ ২০/০৮/১৯৮৯ খ্রিঃ, সংস্থাপন মন্ত্রণালয় স্মারক নং-সম-আর-১/এস-২৭/৯১-৩০০ তারিখঃ ১৮/১১/১৯৯১ খ্রিঃ এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, আনসার শাখা-১ এর স্মারক নং-সঃমঃ(আ-১)-৪৬/২০০৪/৭০ তারিখঃ ০৮/০২/২০০৫ খ্রিঃ অনুযায়ী ১০% কোটা সংরক্ষিত রাখা হয়েছে।

২। সরকারি ও স্বায়ত্ব-শাসিত সংস্থাসমূহের নন গেজেটেড পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-সদস্যাদের জন্য সংরক্ষিত উক্ত ১০% কোটার আওতায় বাহিনীর সাংগঠনিক ইউনিটের অর্ন্তভুক্ত নিম্নবর্ণিত প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য-সদস্যাগণই বিবেচিত হবেন।


- ক। সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তগণ।
- খ। অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তগণ।
- গ। অস্ত্রসহ টিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তগণ।
- ঘ। গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তগণ।
- ঙ। পৌর ওয়ার্ড ভিত্তিক টিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তগণ।
- চ। ব্যাটালিয়ন আনসার মৌলিক প্রশিক্ষণপ্রাপ্তগণ।

৩। কোটা সুবিধা প্রাপ্তির জন্য দাখিলকৃত কোন সনদের বিষয়ে অস্পষ্টতা/সন্দেহ দেখা দিলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঝিলগাঁও, ঢাকাকে অবহিত করবেন।

৪। উক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

৫। প্রশাসন শাখার স্মারক নং ৪৪.০৩.০০০০.০১১.২৭.০৩৫.১০-১৮২, তারিখঃ ২৩/০১/২০১৭ খ্রিঃ মূলে জারীকৃত অফিস আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৬। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।


মোঃ সামছুল আলম
পরিচালক (প্রশাসন)
দুরালাপনী : ৭২১৪৯২৫